নিষিদ্ধ ছাত্রলীগের মশাল মিছিলের প্রতিবাদে দামুড়হুদায় বিএনপির মোটরসাইকেল শোডাউন

দামুড়হুদা উপজেলায় নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতাকর্মীদের মশাল মিছিলের প্রতিবাদে মোটরসাইকেল শোডাউন, বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনগুলো। এ সময় মশাল মিছিলে জড়িতদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানিয়ে পুলিশ প্রশাসনকে আবারও আল্টিমেটাম দিয়েছেন বিএনপি নেতারা। নির্ধারিত সময়ের মধ্যে ব্যবস্থা নেওয়া না হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলেও হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

আজ শনিবার সকাল সাড়ে ১১টার দিকে দামুড়হুদা উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের উদ্যোগে এ মোটরসাইকেল শোডাউন ও প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়। মোটরসাইকেল শোডাউনটি বিক্ষোভ মিছিল আকারে উপজেলার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়। সেখানে বক্তারা সাম্প্রতিক মশাল মিছিলের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে আইনশৃঙ্খলা বাহিনীর দ্রুত হস্তক্ষেপ কামনা করেন।

বিএনপি নেতারা অভিযোগ করেন, গত ৩ জুন বুধবার রাত সাড়ে ১২টার দিকে উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রিংকুর নেতৃত্বে চিৎলা থেকে হাতিভাঙ্গা যাওয়ার পথে বনবিবি মাঠ এলাকায় একটি মশাল মিছিল বের করা হয়। পরে সেই মিছিলের ভিডিও ও ছবি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে দেওয়া হয়। তাদের দাবি, শান্ত পরিবেশকে অস্থিতিশীল করা এবং জনমনে আতঙ্ক সৃষ্টির উদ্দেশ্যেই এ কর্মসূচি পালন করা হয়েছে।

প্রতিবাদ সমাবেশে দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, “দামুড়হুদার শান্ত পরিবেশকে অশান্ত করার লক্ষ্যে আগুন হাতে মিছিল বের করে একটি মহল পরিস্থিতি ঘোলাটে করার অপচেষ্টা চালাচ্ছে। যারা এ ঘটনার সঙ্গে জড়িত, তাদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নিতে হবে।”

তিনি আরও বলেন, “পুলিশ প্রশাসনকে আমরা ১২ ঘণ্টার সময় দিয়েছিলাম। তারা এখন পর্যন্ত সঠিক পদক্ষেপ নিতে পারেনি। আবারও সময় দেওয়া হলো। এর মধ্যে জড়িতদের গ্রেপ্তার করা না হলে বিএনপি ও

অঙ্গসংগঠনগুলোকে সঙ্গে নিয়ে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।”

সমাবেশ থেকে আগামীকাল সোমবার বিকেল ৪টায় অনুষ্ঠিতব্য পরবর্তী কর্মসূচিতে উপজেলার সব পর্যায়ের বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের উপস্থিত থাকার আহ্বানও জানানো হয়।

প্রতিবাদ কর্মসূচিতে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, চুয়াডাঙ্গা জেলা যুবদলের সাধারণ সম্পাদক সাইফুর রশিদ ঝন্টু, দামুড়হুদা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব জাকির হোসেন, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজসহ বিএনপি ও এর অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

এদিকে, মশাল মিছিলের ঘটনায় এলাকায় রাজনৈতিক অঙ্গনে আলোচনা সৃষ্টি হয়েছে। স্থানীয়দের একাংশ বিষয়টির সুষ্ঠু তদন্ত ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

গাংনীতে ইসলামী আন্দোলনের মোটরসাইকেল শোডাউন

মেহেরপুরের গাংনীতে ইসলামি আন্দোলন বাংলাদেশের মোটরসাইকেল শোডাউন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকালে গাড়াডোব মাধ্যমিক বিদ্যালয় চত্বর থেকে কয়েকশত মোটরসাইকেল ও মাইক্রোযোগে ইসলামী আন্দোলনের মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য প্রার্থী ও গাংনী উপজেলা শাখার সভাপতি মোস্তাফিজুর রহমান সেন্টুর নেতৃত্বে গাংনী শহর হয়ে রাইপুর, ষোলটাকা, বামুন্দী, কাজিপুর, তেতুলবাড়িয়া, কাথুলী ও সাহারবাটি ইউনিয়ন প্রদক্ষিণ করেন।

আগামী সংসদ নির্বাচনে দলীয় প্রার্থী কে বিজয়ী করার আহ্বান জানান বক্তারা। এছাড়া সৎ মানুষের শাসন, দুর্নিতিমুক্ত বাংলাদেশ গড়তে তাদের দলের প্রার্থী কে ভোট দেওয়ার আহ্বান জানানো হয়।

এসময় সংগঠনটির জেলা শাখার সভাপতি প্রভাষক খাদেমুল ইসলাম, জেলা সেক্রেটারি মাওলানা আরিফুল ইসলাম, গাংনী উপজেলা সেক্রেটারি আবু হুরায়রা, উলামা আইআমাম পরিষদের সভাপতি মাওলানা মহসিন আলী ও সেক্রেটারি মুফতি হাসমোতুল্লাহ সহ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কাথুলী ইউপি চেয়ারম্যানের মোটরসাইকেল শোডাউন

কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা শত শত মোটরসাইকেলের বহর নিয়ে আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থী নাজমুল হক সাগরের জনসভায় যোগদান করেছেন।

আজ বৃহস্পতিবার বিকেল সাড়ে ৩ টার সময় কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানার নেতৃত্বে ইউনিয়নের বিভিন্ন প্রান্ত থেকে শত শত মোটরসাইকেল কুতুবপুর স্কুল এন্ড কলেজের মাঠে একত্রিত করে গাংনীর উদ্যেশে রওনা দিয়েছেন।

দেখা গেছে গাংনী জনসভায় রওনা হওয়ার সময় মটর সাইকেল শোডানে দফায় দফায় ইউনিয়নের বিভিন্ন প্রান্ত থেকে শোডাউনে যুক্ত হয়েছে।

এ বিষয়ে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান জন নেত্রী শেখ হাসিনার হাত কে শক্তি শালী করার লক্ষ্যে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর কে কাথুলী ইউনিয়ন থেকে নৌকা মার্কায় বিপুল পরিমানে ভোট দিয়ে বিজয় করিয়ে মেহেরপুর-২ গাংনী আসনটি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উপহার দিব।

সেই লক্ষ্যে আজকে এ এস এম নাজমুল হক সাগরের জনসভায় হাজার হাজার

গাড়ি নিয়ে যোগ দিতে এখানে একত্রিত হয়েছি।এবং আজকে প্রমান করে দিব কাথুলী ইউনিয়নের মাটি শেখ হাসিনার ঘাটি, কাথুলী ইউনিয়নের মাটি আওয়ামী লীগের ঘাটি।

কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজা জানান কাথুলী ইউনিয়ন পরিষদের বার বার নির্বাচিত চেয়ারম্যান আমার রাজনৈতিক অবিভাবক মিজানুর রহমান রানার নেতৃত্বে আজকে গাংনীর জনসভা কে সাফল্য মন্ডিত করার লক্ষ্যে এখান থেকে রওনা দিব। ৭ তারিখ ইনশাআল্লাহ বিপুল ভোটে নৌকাকে বিজয় করবো।

মোটরসাইকেল শোডাউনে যোগ দিয়েছেন কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের বিভিন্ন ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের নেতাবর্গ, ছাত্রলীগের নেতা বর্গ যুবলীগের নেতা বর্গ সহ অন্যান্য আওয়ামী লীগের নেতাবর্গ মটর সাইকেল শোডাউনে যোগদান করেছিলেন।

ঝিনাইদহে বিএনপি-জামায়াতের হরতালের প্রতিবাদে মোটরসাইকেল শোডাউন

বিএনপি-জামায়াতের ডাকা হরতাল ও নৈরাজ্যের প্রতিবাদে ঝিনাইদহে যুবলীগের উদ্যোগে মোটরসাইকেল শোডাউন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে শহরের আওয়ামী লীগের পার্টি অফিস কার্যালয় থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শিল্পকলার সামনে এসে শেষ হয়ে সেখানে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

প্রতিবাদে সমাবেশ বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক, শফিকুল ইসলাম শিমুল, সাবেক জেলা ছাত্রলীগের সহ-সভাপতি, রবিউল ইসলাম রবি, সাবেক জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক, আশরাফুল আলম এছাড়া আরো অনেক নেতৃবৃন্দ।

প্রতিবাদে সমাবেশ বক্তার বলেন, বিএনপি-জামাতের রাজনীতি থেকে সাধারণ মানুষ মুখ ফিরিয়ে নিয়েছে। বিদেশি প্রভুদের কাছে ধন্না দিয়ে কোন ফল না পেয়ে হরতালের মতো সহিংস আন্দোলন তাঁরা বেছে নিয়েছেন। আমরা ঝিনাইদহ যুবলীগ বিএনপি-জামাতের সকল নৈরাজ্য প্রতিরোধে সবসময় রাজপথে অবস্থান করবো।